

ইউনিয়ন পরিষদের কার্যাবলী

বাধ্যতামূলক কার্যাবলী

- . আইন শৃংখলা রক্ষা করা এবং এ বিষয়ে প্রশাসনকে সহায়তা করা
- . অপরাধ, বিশৃংখলা এবং চোরাচালান দমনার্থে বিভিন্ন পদক্ষেপ গ্রহন করা
- . কৃষি, বৃক্ষ রোপন, মৎস্য ও পশু পালন, স্বাস্থ্য, কুটির শিল্প, সেচ, যোগাযোগ
- . পরিবার পরিকল্পনা কার্যক্রমের প্রসার ঘটানো
- . স্থানীয় সম্পদের উন্নয়ন ঘটানো এবং তার ব্যবহার নিশ্চিত করা
- . জনগনের সম্পত্তি যথা – রাস্তা, ব্রিজ, কালভার্ট, বাধ, খাল, টেলিফোন, বিদ্যুত ইত্যাদি সংরক্ষন করা।
- . ইউনিয়ন পর্যায়ে অন্যান্য সংস্থার উন্নয়ন কার্যাবলী পর্যালোচনা করা এবং প্রয়োজনীনে উপজেলা নির্বাহী অফিসারের নিকট এ বিষয়ে সুপারিশ করা
- . স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহারে জনগনকে উতসাহ প্রদান করা
- . জন্ম-মৃত্যু, অন্ধ, ভিক্ষুক ও দুঃস্থদের নিবন্ধন করা
- . সব ধরনের শুমারী পরিচালনা করা।

ঐচ্ছিক কার্যাবলী

- জনপথ ও রাজপথের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষন
- সরকারী স্থান, উন্মুক্ত জায়গা, উদ্যান ও খেলার মাঠ এর ব্যবস্থা ও রক্ষণাবেক্ষন করা
- জনপথ, রাজপথ ও সরকারী স্থানে আলো জ্বালানো
- সাধারণভাবে গাছ লাগানো ও সংরক্ষণ এবং বিশেষভাবে জনপথ, রাজপথ ও সরকারী জায়গায় গাছ লাগানো ও সংরক্ষণ
- কবরস্থান, শ্মশান ঘাট, জনসাধারণের সভার স্থান ও জনসাধারণের অন্যান্য সম্পত্তির রক্ষনা বেক্ষন ও পরিচালনা
- পর্যটকদের থাকার ব্যবস্থা ও তা সংরক্ষন
- জনপথ, রাজপথ এবং সরকারী স্থান নিয়ন্ত্রন ও অনধিকার প্রবেশ রোধকরন
- ইউনিয়ন পরিচ্ছন্নতার জন্য নদী, বন ইত্যাদির তত্ত্বাবধান, স্বাস্থ্যকর ব্যবস্থার উতকর্ষ সাধন এবং অন্যান্য ব্যবস্থা গ্রহন
- গোবর, রাস্তার আর্বর্জনা সংগ্রহ, অপসারণ ও ব্যবস্থাপনা নিশ্চিতকরন
- অপরাধমূলক ও বিপদজনক ব্যবসা নিয়ন্ত্রকরন

- মৃত পশুর দেহ অপসারণ ও নিয়ন্ত্রনকরন
- পশু জবাই নিয়ন্ত্রনকরন
- ইউনিয়নে দালান নির্মাণ ও পুনঃনির্মান নিয়ন্ত্রনকরন
- বিপদজনক দালান ও সৌধ নিয়ন্ত্রনকরন
- কুয়,পানি তোলার কল,জলাধান,পুকুর এবং পানি সরবরাহের অন্যান্য কাজের ব্যবস্থাকরন ও সংরক্ষন
- খাবার পানির উতস দুষিতকর সন্দেহযুক্ত কুপ,পুকুর বা পানি সরবরাহের অন্যান্য স্থানের পানি ব্যবহার নিষিদ্ধকরন
- খাবার পানির জন্য সংরক্ষিত কূপ,পুকুর বা পানি সরবরাহের অন্যান্য স্থানে বা নিকটবর্তী স্থানে শন,পাট বাঅন্যান্য গাছ ভিজানো নিষিদ্ধকরন
- আবাসিক এলাকার মধ্যে চামড়া রং করা বা পাকা করা নিষিদ্ধকরন বা নিয়ন্ত্রণকরন
- গৃহ পালিত পশু বা অন্যান্য পশু বিক্রয়ের তালিকাভুক্তিকরন
- মেলা ও প্রদর্শনীর আয়োজন
- জনসাধারণের উতসব পালন
- অগ্নি,বন্যা,শিলাবৃষ্টিসহ ঝড়,ভূমিকম্প বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের ততপরতার ব্যবস্থাকরন
- বিধবা,এতিম গরীব ও দুঃস্থ ব্যক্তিদের সাহায্যকরন
- খেলাধুলার উন্নতি সাধন

- শিল্প ও সামাজিক উন্নয়ন, সমবায় আন্দোলন ও গ্রামীণ শিল্পের উন্নয়ন সাধন ও উতসাহ দান
- বাড়তি খাদ্য উতপাদনের ব্যবস্থা গ্রহন
- পরিবেশ ব্যবস্থাপনার কাজ
- গবাদি পশুর খোয়াড় নিয়ন্ত্রন ও রক্ষণাবেক্ষনের ব্যবস্থাকরন
- প্রাথমিক চিকিতসা কেন্দ্রের ব্যবস্থাকরন
- গ্রন্থাগার ও পাঠাগারের ব্যবস্থাকরন
- ইউনিয়ন পরিষদের মত সদৃশ্য কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সাথে সহযোগিতা
- জেলা প্রশাসকের নির্দেশক্রমে শিক্ষার উন্নয়নে সাহায্যকরণ